“তোমরা ইহুদী ও খৃস্টানদের কে শুরুতে সালাম দিবে না, যখন তোমরা তাদের কারো সাথে সাক্ষাত করবে তাকে সংকীর্ণ রাস্তায় বাধ্য করবে”।

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা ইহুদী ও খৃস্টানদের কে শুরুতে সালাম দিবে না, যখন তোমরা তাদের কারো সাথে সাক্ষাত করবে তাকে সংকীর্ণ রাস্তায় বাধ্য করবে”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ইহুদি এবং খ্রিস্টানদের কে সালাম শুরু করতে নিষেধ করেছেন, এমনকি যদি তারা জিম্মিও হয়, অন্য কাফেরদের কথা তো বাদ। তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন আমরা যখন রাস্তায় তাদের কাউকে দেখব আমরা তাকে সবচেয়ে সংকীর্ণ পথে বাধ্য করব, বস্তুত মুমিনই রাস্তার মাঝখান দিয়ে চলবে, আর যে পাশ কাটিয়ে যাবে সে কাফের। কোন অবস্থাতেই মুমিন লাঞ্ছিত হবে না।

https://sunnah.global/hadeeth/bn/show/5347